# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

কার্যালয় ঃ আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট।

www.sylhetboard.gov.bd, e-mail: sbcontroller16@gmail.com

স্মারক নং ঃ সিশিবো/পনি/উমা-০৫/২২/৫৫৬

তারিখ ঃ ০৪ বৈশাখ, ১৪২৯ বঙ্গাব্দ / ১৭ এপ্রিল, ২০২২ খ্রিষ্টাব্দ

## বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,সিলেট- এর আওতাভূক্ত প্রাইভেট পরীক্ষার জন্য নির্ধারিত কলেজের অধ্যক্ষ ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২২ সালে অনুষ্ঠিতব্য এইচএসসি পরীক্ষায় অত্র শিক্ষা বোর্ডের অধীনে প্রাইভেট পরীক্ষার রেজিস্ট্রেশনের জন্য প্রযোজ্য নিয়মাবলী নিম্নে উল্লেখ করা হলো-

১. **প্রাইভেট পরীক্ষার্থী** ঃ ২০১৮ সাল বা তার পূর্বে এসএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীরা ২০২২ সালের এইচএসসি পরীক্ষায় প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। তবে বাংলাদেশ উম্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা ২০১৭ এবং তৎপূর্ববর্তী বছরের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা ২০২২ সালের এইচএসসি পরীক্ষায় প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।

২. পাঠ্যসূচি ঃ প্রাইভেট পরীক্ষার্থীরা ২০২২ সালের পুনর্বিন্যাসকৃত সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

৩. **শাখা ও বিষয়সমূহ** ঃ প্রাইভেট পরীক্ষার্থীরা কেবলমাত্র মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখায় পরীক্ষা দিতে পারবে এবং যে সকল বিষয়ে ব্যবহারিক পরীক্ষা আছে সে সকল বিষয় নিতে পারবে না। প্রাইভেট পরীক্ষার্থীরা ৪র্থ (চতুর্থ) বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

৪. শিক্ষা বোর্ডে কর্মরত কোন কর্মচারী নিজ শিক্ষা বোর্ড হতে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। তবে, তারা ইচ্ছা করলে নিয়োগকারী কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে বাংলাদেশের অন্য যে কোন শিক্ষা বোর্ডের অধীনে প্রাইভেট পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

৫. **সময়সূচি** ঃ

| ক্রমিক | কাজের বিবরণ | তারিখ |
|---|---|---|
| ১. | প্রাইভেট পরীক্ষার্থীরা বোর্ড কর্তৃক নির্ধারিত কলেজের অধ্যক্ষ বরাবরে সাদা কাগজে তালিকাভুক্তির জন্য আবেদনের তারিখ। | ১৮/০৪/২০২২ থেকে ১০/০৫/২০২২ |
| ২. | প্রাইভেট পরীক্ষার্থীদের পূরণকৃত রেজিস্ট্রেশন অনলাইন তালিকা (eSIF) ও এসএসসি পরীক্ষা পাশের মূল ট্রান্সক্রীপ্ট/নম্বরফর্দ এবং পরীক্ষার্থী তালিকাভূক্তি ফি সোনালী ব্যাংক- এ সোনালী সেবার মাধ্যমে বোর্ডে জমা দেয়ার তারিখ (উল্লেখ্য এসএসসি পরীক্ষার মূল ট্রান্সক্রীপ্ট/নম্বরফর্দগুলি তালিকার ক্রমানুসারে সাজিয়ে জমা দিতে হবে এবং প্রত্যেক নম্বর ফর্দের ০১ কপি ফটোকপি দাখিল করতে হবে)। | ১৮/০৪/২০২২ থেকে ৩০/০৫/২০২২ |

(উল্লেখ্য, রেজিস্ট্রেশন ফরমেট বোর্ডের ওয়েবসাইট থেকে প্রিন্ট করে নিতে হবে)

৬. পরীক্ষা কেন্দ্র ঃ সিলেট শিক্ষা বোর্ড কর্তৃক অনুমতিপ্রাপ্ত নিম্নোক্ত ৪ (চার) টি কলেজ কেন্দ্র হতে প্রাইভেট পরীক্ষার্থীগণ এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

ক) সিলেট সরকারী কলেজ, সিলেট।
খ) মৌলভীবাজার সরকারী কলেজ, মৌলভীবাজার।
গ) বৃন্দাবন সরকারী কলেজ, হবিগঞ্জ।
ঘ) সুনামগঞ্জ সরকারী কলেজ, সুনামগঞ্জ।

চলমান পাতা- ০২

৭. প্রাইভেট পরীক্ষার্থী কর্তৃক নিম্নোক্ত কাগজপত্র সংশ্লিষ্ট কলেজের অফিসে দাখিল করতে হবে ঃ
   ক) এসএসসি/সমমানের পরীক্ষার মূল নম্বরফর্দ/একাডেমিক ট্রান্সক্রিপ্ট ।
   খ) পাঠ বিরতির প্রত্যয়নপত্র ও চারিত্রিক সনদপত্র (গেজেটেড কর্মকর্তা কর্তৃক ইস্যুকৃত)।
   গ) প্রার্থীর সাম্প্রতিকালে উঠানো পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি ছবি।
   ঘ) পুলিশ ও প্রতিরক্ষা বাহিনীর প্রার্থীদের বেলায় কমপক্ষে এক বৎসর যাবত চাকুরীতে বহাল আছে; এ মর্মে সংশ্লিষ্ট দপ্তর হতে সুস্পষ্ট প্রত্যয়নপত্র।

৮. পরীক্ষার ফি জমাদান পদ্ধতি ঃ প্রাইভেট পরীক্ষার্থীদের তালিকাভুক্তি ফিসহ যাবতীয় ফি এবং প্রয়োজনীয় কাগজপত্র সংযোজন করে আবেদনপত্র স্ব-স্ব কলেজের অধ্যক্ষের দপ্তরে জমা দিতে হবে।

৯. ফি এর হার নিম্নরূপ ঃ
   ক) অনুমতি ও রেজিষ্টেশন ফি (প্রতি পরীক্ষার্থী) ----------------------------২৫০/=
   খ) রোভার স্কাউট ফি প্রতি (পরীক্ষার্থী) ------------------------------------১৫/=
   গ) রেঞ্জার ফি (প্রতি পরীক্ষার্থী) ------------------------------------- ১৫/=

১০. প্রাইভেট পরীক্ষার্থীদের গৃহিত বিষয়সমূহ পাঠ্যসূচিতে উল্লিখিত গুচ্ছ মোতাবেক হতে হবে। গুচ্ছ বহির্ভুত বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করে থাকলে পরীক্ষা বাতিল বলে গণ্য হবে।

১১. কোন প্রকার কারণ দর্শানো ছাড়াই যে কোন পরীক্ষার্থীর আবেদন বাতিল করার ক্ষমতা অত্র শিক্ষা বোর্ড সংরক্ষণ করেন। সকল প্রাইভেট পরীক্ষার্থীকে বোর্ডের পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নিয়মাবলী অবশ্যই মেনে চলতে হবে।

১২. প্রাইভেট পরীক্ষার্থীরা যে কলেজের মাধ্যমে নির্বাচিত হবে সে কলেজের জন্য নির্ধারিত কেন্দ্রেই তারা এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করবে। কোন অবস্থাতেই কেন্দ্র পরিবর্তন করা যাবে না।

১৩. প্রাইভেট পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশনের মেয়াদ ১ (এক) বছরের জন্য বলবৎ থাকবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

২৭/৪/২০২২

(প্রফেসর অরুন চন্দ্র পাল)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

২৭/৪/২২

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো ঃ
১. সচিব, অত্র শিক্ষা বোর্ড।
২. অধ্যক্ষ,......................................................।
৩. সিস্টেম এনালিস্ট, অত্র শিক্ষা বোর্ড।
৪. হিসাব রক্ষণ কর্মকর্তা, অত্র শিক্ষা বোর্ড।
৫. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
৬. সংরক্ষণ নথি।